দৈনিক জনকণ্ঠ

তারিখ : 21 DEC 2017
পৃষ্ঠা ... কলাম ...

প্রধান অতিথি অর্থমন্ত্রী

# সিলেটে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীদের পুনর্মিলনী কাল

**স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥** আগামীকাল শুক্রবার সিলেটে অনুষ্ঠিত হচ্ছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীদের পুনর্মিলনী। সিলেট এমএজি ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর সড়কের নিকটবর্তী এ্যাডভেঞ্চার ওয়ার্ল্ডে তা অনুষ্ঠিত হবে। দিনব্যাপী এ অনুষ্ঠানের উদ্বোধনী বক্তব্য প্রদান করবেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. ইফতেখার উদ্দিন চৌধুরী। প্রধান অতিথির বক্তব্য রাখবেন অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত। এ অনুষ্ঠানে দেশ-বিদেশ থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কয়েক হাজার প্রাক্তন শিক্ষার্থী উপস্থিত হবেন বলে পুনর্মিলনী উদযাপন পর্ষদের সদস্য সচিব এটিএম সোয়েব জানিয়েছেন। প্রচার উপ-কমিটির আহ্বায়ক লিয়াকত শাহ ফরিদী জানান, পুনর্মিলনী অনুষ্ঠান শুরু হবে সকাল সাড়ে ৯টায়। জাতীয় সঙ্গীত পরিবেশনসহ শ্বেতকপোত উড্ডয়নের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে পর্দা উঠবে মূল উৎসবের। এরপর স্বাগত ভাষণ ও পুনর্মিলনী উদযাপন পরিষদের সদস্য সচিব এটিএম সোয়েবের প্রতিবেদন প্রদান শেষে থাকবে শুভেচ্ছাকথন পর্ব এবং অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিতের উদ্বোধনী বক্তব্য। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের এক্স স্টুডেন্টস ক্লাব সিলেটের সভাপতি অধ্যাপক ড. আবুল ফতেহ ফাত্তাহ। দুপুর ১২টা ২৫ মিনিট থেকে বেলা ২টা ৫০ মিনিট পর্যন্ত নামাজ ও মধ্যাহ্নভোজের বিরতি শেষে ৩টায় আবার শুরু হবে দ্বিতীয় অধিবেশন। এরপর স্মৃতিচারণ পর্বে থাকবে 'পুরনো সেই দিনের কথা'।

বিকেল সাড়ে ৪টা থেকে শুরু হবে সাংস্কৃতিক অনুষ্ঠান। আজ বৃহস্পতিবার বিকেলে সিলেটে আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত হবে। ঐতিহ্যের স্মারক কিনব্রিজ সংলগ্ন আলী আমজদের ঘড়িঘর থেকে শুরু হয়ে কোর্টপয়েন্ট, জিন্দাবাজার হয়ে সিলেট কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে গিয়ে শেষ হবে শোভাযাত্রাটি। দেশের জেলা ও বিশ্বের বিভিন্ন দেশে থাকা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২ হাজার প্রাক্তন শিক্ষার্থী উৎসবে মিলিত হওয়ার জন্য রেজিস্ট্রেশন করেছেন। এ বিষয়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় একুশতম ব্যাচের সদস্য সচিব গৌতম পাল রঞ্জু বলেন, বহুদিন পর আবার পুরনো বন্ধুদের সঙ্গে দেখা হবে। তাই অনেক আগ্রহ নিয়ে আমরা এ পুনর্মিলনীতে যোগ দিচ্ছি।